গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**নীলফামারী সরকারি কলেজ।**
www.ngc.edu.bd College code: 3101 e-mail: principalnilgc@yahoo.com

বিজ্ঞপ্তি নং- নীঃসঃকঃ ২৪৭/২০২৫ তারিখঃ ০৪/০৯/২০২৫ খ্রি.

# ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

প্রাইভেট রেজিস্ট্রেশন বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

১। প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদনের যোগ্যতা ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তদপরবর্তী সালসমূহে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ ও তদপরবর্তী সালসমূহে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট)/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে উক্ত প্রাইভেট প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/ অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো" -মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী নীলফামারী সরকারি কলেজ (কলেজ কোড-৩১০১)-এর নাম Select করলে এই (Eligible) বিষয়গুলো দেখতে পারবেঃ বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান

## ৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচী, আবেদন ফরম জমা ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামের অনলাইনে আবেদন ফরম পূরণ করে আবেদন ফরম ফি ও রেজিস্ট্রেশন ফি (বিকাশে) এবং কাগজপত্র কলেজের স্ব স্ব বিভাগে জমা প্রদানের তারিখ:

**১১/০৯/২০২৫ খ্রি. ও ১৪/০৯/২০২৫ খ্রি.**

গ) রেজিস্ট্রেশন ফি কলেজের ওয়েবসাইটের মাধ্যমে জমা প্রদানের নিয়মাবলী:
শিক্ষার্থীদেরকে কলেজের ওয়েবসাইট (https://nilgc.eshiksabd.com) এ প্রবেশ করে
User Name: nilgcstudent
Password: nilgcstudent ব্যবহার করে মূল প্যানেলে প্রবেশ করতে হবে।

**<u>ভর্তির প্রক্রিয়াঃ</u>** সফটওয়ার এ Login করার পর [Admission] এ ক্লিক করে [+Click for New Admission] এ ক্লিক করতে হবে। অতঃপর [Select Group] থেকে [Masters (Private)] সিলেক্ট করে, [Select Department] থেকে যে বিভাগে রেজিঃ হতে চায় তা সিলেক্ট করে [NU Admission Roll] দিয়ে [Check for Admission] এ ক্লিক করতে হবে। তারপর যাবতীয় তথ্য পূরণ করে Save এ ক্লিক করার পর টাকার পরিমানসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে। এরপর শিক্ষার্থীরা bKash এ NU Admission Roll দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাস রোল পড়বে এবং শিক্ষার্থীর মোবাইল নম্বরে ভর্তির SMS যাবে। এরপর শিক্ষার্থীকে [Application Form Reprint] এ ক্লিক করে [NU Admission Roll] দিয়ে পূরণকৃত ভর্তির ফরম ডাউনলোড করে প্রিন্ট করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা প্রদান করতে হবে।

চলমান পাতা-২

**৪। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশন ফিসমূহ ঃ**

| | | |
|---|---|---|
| আবেদন ফি | ঃ | ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ ) টাকা |
| রেজিস্ট্রেশন ফি | ঃ | ১,২৭০/-(একহাজার দুইশত সত্তর) টাকা |
| নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশকিয় কর্মচারী ফি | ঃ | ৮০০/- (আটশত) টাকা |
| ব্যবস্থাপনা ফি | ঃ | ৫০/- (পঞ্চাশ) টাকা |
| বিবিধ ফি | ঃ | ১০০/- (একশত) টাকা |
| পরিবহন ফি | ঃ | ৫০/- (পঞ্চাশ) টাকা |
| মসজিদ (মুসলিম শিক্ষার্থীর জন্য) অথবা স্বরস্বতী পূজা ফি (হিন্দু শিক্ষার্থীদের জন্য) | ঃ | ৫০/- (একশত) টাকা |
| মোট | ঃ | ২,৮৭০/- (দুইহাজার আটশত সত্তর) |

**বি:দ্রঃ অভ্যন্তরীণ পরীক্ষার ফি জনপ্রতি ১১২০/- (একহাজার একশত বিশ টাকা) স্ব স্ব বিভাগে জমা হবে।**

**৫। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ**

ক) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার নম্বরপত্র ও রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি ১ কপি করে;
খ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্রের মূল কপি;
গ) দুই কপি পাসপোর্ট সাইজের ছবি।

(প্রফেসর মোঃ আমিনুল ইসলাম)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

(প্রফেসর মোঃ সামসুল আলম)
আহ্বায়ক
মাস্টার্স শেষ পর্ব প্রাইভেট রেজিঃ কমিটি (শিক্ষাবর্ষ ২০২৩)
নীলফামারী সরকারি কলেজ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:</u>

০১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
০২। বিভাগীয় প্রধান, ________ বিভাগ, অত্র কলেজ (আবেদন ফরমসমূহ আগামী ১৮/০৯/২০২৫ খ্রি. দুপুর ৩:০০ ঘটিকার মধ্যে কমিটির নিকট রসায়ন বিভাগে জমা দানের জন্য অনুরোধ করা হলো।)
০৩। অফিস নথি।